
মুভী স্ক্রীন'এর

# ডাক্তার বাবু




8-8-58



মুভিস্ক্রীন প্রাইভেট লিমিটেডের নিবেদন

# ডাক্তার বাবু

প্রযোজনা :

দীনেন্দ্রনাথ মল্লিক
রাজেন্দ্রনাথ মল্লিক
কানাইলাল মুখার্জ্জী

পরিচালনা :
**বিশু দাশগুপ্ত**

সুরকার :
**রাজেন সরকার**

কাহিনী :
বিজন ভট্টাচার্য্য

চিত্রনাট্য সংলাপ ও গান :
প্রণব রায়

চিত্রগ্রহণ :
দীনেন গুপ্ত

শব্দ যোজন :
দেবেশ ঘোষ

সম্পাদনা :
অর্দ্ধেন্দু চ্যাটার্জ্জী, অমিয় মুখার্জ্জী

শিল্পনির্দ্দেশ :
সত্যেন রায়চৌধুরী

দৃশ্যসজ্জা :
সুবোধলাল দাস

দৃশ্যাঙ্কণ :
কবি দাশগুপ্ত

স্থিরচিত্র : স্যাংগ্রিলা

আলোক সম্পাত :
প্রভাস ভট্টাচার্য্য

কারুশিল্পী :
ছেদীলাল শর্ম্মা

পরিচয় লিখন : বিরাজ সেনগুপ্ত

ব্যবস্থাপনা : রঞ্জিৎ চক্রবর্ত্তী

প্রচার : বাগীশ্বর ঝা

রূপসজ্জা :
মনোতোষ রায়, নিতাই সরকার

সাজসজ্জা : এস কে শেরআলি

প্রধান সহকারী পরিচালক :
বুল্টু পালিত

: অন্যান্য সহকারী :

পরিচালনা : প্রণব বসু

চিত্রগ্রহণ :
সৌমেন্দু রায়, সুশীল চক্রবর্ত্তী
কৃষ্ণধন চক্রবর্ত্তী

শব্দযোজন :
জ্যোতি চ্যাটার্জ্জী, বিষ্ণু পরিধা

শিল্প নির্দ্দেশ : গুপী সেন

সম্পাদনা :
দেবীদাস চক্রবর্ত্তী

ব্যবস্থাপনা :
প্রলয় দত্ত, যোগেশ বসাক

পটশিল্প :
রবি দাশগুপ্ত, প্রবোধ ভট্টাচার্য্য

আলোক সম্পাত :
ভবরঞ্জন দাস, কেষ্ট দাস, অনিল দাস

রূপসজ্জা :
পরেশ চন্দ্র দাস

সাজসজ্জা : সরযুলাল

## কাহিনী


লোকে ভাবে এক, হয় আর।

কে ভেবেছিল চাঁপাহাটির সুরেন রায় সোনার মেডেল নিয়ে ডাক্তারি পাশ ক'রে, শেষ অবধি গ্রামেই ডাক্তারখানা খুলে বসবে! কত লোকে কত বোঝালে: শহরে গিয়ে বোসো, রোজগার হবে। শহর তোমাকে চায়।

সুরেন বলে: আমি গ্রামকে চাই। বিনা চিকিৎসায় যেদিন আমার বাবা মারা গেলেন, সেদিন সে-দুঃখ ছিল আমার একার। আজ দেখছি সেই দুঃখ গাঁয়ের ঘরে ঘরে।

উকিল কাকা নরহরির কাছে টাকা কর্জ ক'রে সুরেন তার মায়ের নামে 'জগত্তারিণী ফার্মেসী' খুলে বসে। কিন্তু ছোট ভাই রণেন—তাকে তো মানুষ করতে হবে। সুরেন তাকে কলকাতায় পাঠিয়ে দেয় পড়তে।

আহার নেই নিদ্রা নেই, সুরেন ডাক্তারি নিয়ে মেতে আছে। ওষুধ বেরিয়ে যায় শিশি শিশি, কিন্তু ডাক্তারের পকেট আর ভরে না। সুরেন বলে, পয়সা দিতে পারে না বলে কি ওদের চিকিৎসা হবে না?



সংসারে অভাব-অনটন বেড়েই চলে, আর বেড়ে চলে দেনার পরিমাণ। উকিল-কাকা অবশেষে নালিশ করেন। কারণও ছিল। রথেনকে জামাই করবার সাধ ছিল উকিলের। কিন্তু সুরেন ভাইয়ের বিয়ে দিলে কলকাতার এক ধনী ইঞ্জিনীয়ারের মেয়ের সঙ্গে। কিন্তু সে মেয়ে গরীবের সংসারে মানিয়ে চলতে পারল না। রথেন বউ নিয়ে দাদাকে ছেড়ে যায়। আঘাত লাগে সুরেনের মনে। সে-আঘাত ভুলে থাকে ডাক্তারির মধ্যে।

গাঁয়ের গরীব লোকেরা বললে, ডাক্তারবাবুর মামলা আমরা লড়বো চাঁদা ক'রে। কিন্তু মামলা যেদিন কোর্টে উঠলো, সুরেন সেদিন রইলো একটা শক্ত ডেলিভারী-কেসে আটকে। উকিল নরহরি সুরেনের পৈতৃক বাড়িটা গ্রাস ক'রে নিলে।

কিন্তু আইনের বিচারের ওপরেও আর একটা বিচার আছে। সে বিচারে নরহরি রেহাই পেলো না। নরহরির একমাত্র ছেলের হলো Stomach perforation! ছুটে গেল সুরেন। রাগ নেই, দ্বেষ নেই! সে যে ডাক্তার, রুগীকে বাঁচানোই তার ব্রত। কিন্তু রুগীকে রক্ত দিতে হবে। বাপ-মা কারোর সঙ্গেই রুগীর রক্তের গ্রূপ মেলে না। উপায়? গাঁয়ে তো Blood Bank নেই! নিজের শরীর থেকে সুরেন রক্ত দেয়, তারপর করে অপারেশন। বেঁচে যায় উকিলের ছেলে। কিন্তু সুরেন ডাক্তার বুঝি আর বাঁচে না! অভাবে, অনাহারে, তার ওপর রক্তক্ষয়ে সুরেনের জীবন সংশয় হয়ে ওঠে। চোখে অন্ধকার দেখে কমলা—সুরেনের স্ত্রী। আর হাহাকার ক'রে ওঠে গাঁয়ের চাষী মজুর গরীবের দল।


বহুলোকের প্রাণ বাঁচিয়েছে যে, আজ তার প্রাণ বাঁচাবে কে?



# গান

( ১ )

নীল সবুজের আলোছায়াতে
মন কে গো রাঙালো, গান কে গো জাগালো বসন্ত বেলাতে
আ হা হা হা, আ হা হা হা
পিয়াল বনেতে পাপিয়া জেগেছে
গোলাপে ভ্রমরে মিতালী লেগেছে
আ হা হা হা, আ হা হা
কুসুমের জলসায়, বনপরী নাচে গায়, আনন্দ মেলাতে
আ হা হা হা, আ হা হা
ফাগুন বাঁশীতে কি মায়া রাগিনী
হৃদয় হারালো বনের হরিণী
আ হা হা হা, আ হা হা
মনে মনে ভেসে যাই, স্বপনের দেশে যাই
সুরের দোলাতে
আ হা হা হা, আ হা হা
নীল সবুজের আলো ছায়াতে ……




( ৩ )

ও ছোট বৌ, ও ছোট বৌ
তোর যৌবনে লেগেছে বুঝি ভরা গাঙের ঢেউ লো
ভরা গাঙের ঢেউ।
তোর সোনামুখে দেখে হাসি
লাজে মরে পূর্ণশশী—ও ছোট বৌ.......
মউল গাছে ফুল ধরেছে তোর পরাণে তারি মৌ
ও ছোট বৌ.......
পোড়া ফাগুন আসেনা লো
এই দুখিনীর দেশে, দুখিনীর এই দেশে
বেণী বাঁধা হয়না আমার
আউলি মাথার কেশে.......
নাগর আমার রৈল ভুলে
আপন জনা নেইতো কেউ
ও ছোট বৌ.......

( ২ )

বিজন সন্ধ্যা বন্ধু এসো গো কাছে
হৃদয় আমার তোমারি সঙ্গ যাচে
বকুল গন্ধে ভরেছে অন্ধকার
খুলিয়া দিয়াছি প্রাণের বন্ধ দ্বার
গোধূলি তারার প্রদীপ জ্বেলেছি
পথ ভুলে যাও পাছে।
পাখীরা ঘুমায় শান্ত কানন ভুমি
মিলিব এবার শুধু আমি আর তুমি
দু'জনার মাঝে জেগে রবে আকুলতা
ঘিরিয়া রহিবে কথা ভরা নীরবতা
তোমারি স্বপ্ন সুরভির মত
চেতনায় মিশে আছে।



• প্রধান ভূমিকায় •

## উত্তমকুমার

অন্যান্য চরিত্রে :

সাবিত্রী চ্যাটার্জী : কাজল চ্যাটার্জী (গুহ) : কমল মিত্র
অনুপকুমার : ভানু ব্যানার্জী : অপর্ণা দেবী : গঙ্গাপদ বসু
পদ্মা দেবী : তরুণকুমার : রেখা মল্লিক : মনোরমা দেবী
ডাঃ হরেন মুখার্জী : পঞ্চানন ভট্টাচার্য্য : চন্দ্র : বিদ্যুৎ : বিষ্ণু
মাঃ তিলক ও আরও অনেকে।

• কৃতজ্ঞতা স্বীকার •

ডাঃ নীহার গুপ্ত, মেটারনিটি এণ্ড চাইল্ড ওয়েলফেয়ার ক্লিনিক
নার্সিং হোম, ডাঃ চৌধুরী, দেওজী ভাই, সুহাস-নয়না-স্মৃতি-মন্দির
শ্রীগৌরগোপাল দে সরকার

নেপথ্য কণ্ঠ-শিল্পী •

সন্ধ্যা মুখোপাধ্যায় : মানবেন্দ্র মুখোপাধ্যায়
যন্ত্রসঙ্গীত : সুরশ্রী অর্কেষ্ট্রা

টেকনিসিয়ান্স ষ্টুডিওতে আর-সি-এ শব্দযন্ত্রে গৃহীত
বেঙ্গল ফিল্ম ল্যাবরেটরীজ-এ পরিস্ফুটিত

পরিবেশক :

**নারায়ণ পিকচার্স প্রাইভেট লিঃ**



আমাদের পরিবেশনায়
আগামী ছবি

রীতেন এণ্ড কোং-এর নিবেদন

# হেড মাষ্টার

পরিচালনায়

## অগ্রগামী

নারায়ণ পিকচার্স প্রাইভেট লিমিটেড, ৬৩নং ধর্ম্মতলা ষ্ট্রীট হইতে প্রকাশিত ও
অনুশীলন প্রেস, ৫২নং ইণ্ডিয়ান মিরর ষ্ট্রীট,
কলিকাতা-১৩ হইতে মুদ্রিত ।